

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

### আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: كَانَ رَسُول الله صلى يُسَلِّمُ فِي الصَّلَاةِ تَسْلِيمَةً تِلْقَاءَ وَجْهِهِ ثُمَّ تميل إِلَى الشق الْأَيْمن شَيْئا. رَوَاهُ التِّرْمِذِيّ

#### বাংলা

৯৫৭-[১৯] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের ভিতর এক সালাম ফিরাতেন সামনের দিকে। এরপর ডানদিকে একটু মোড় নিতেন। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] সহীহ: তিরমিযী ২৯৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ﷺ کَانَ رَسُولُ اللهِ ﷺ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম দিতেন কিবলামুখী করে সালাম ফিরাতেন যেমনটি ইবনু হাজার বলেছেন। আর মুল্লা 'আলী কারী বলেন, সালাম শুরু করতেন সম্মুখের দিকে, অতঃপর সামান্য ডান পাশে করতেন।

আর এ হাদীস প্রমাণ করে সালাতে সালাম শারী আতসম্মত। ইতিপূর্বে এ আলোচনা হয়ে গেছে।

এটি দু' সালামের হাদীসের বিরোধী না বরং এক সালামের হাদীসের মর্মার্থই প্রমাণ করে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উঁচুস্বরে সালাম দিতেন এবং মুক্তাদীদেরকে এক সালাম শুনাতেন আর না এক সালামের উপর সীমাবদ্ধ করতেন। সুতরাং প্রমাণ করে এক সালাম শুনাতেন যেমনটি আহমাদ-এর রিওয়ায়াত রাতের সালাতের ঘটনায় এসেছে যে, রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এক সালাম দিতেন "আসসালা-মু 'আলায়কুম" তাঁর আওয়াজকে উঁচু করতেন তাতে আমরা জাগ্রত হতাম।

আর 'উমার (রাঃ)-এর হাদীস আহমাদে তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জোড় সালাত ও



বিতর সালাত কে পৃথক করতেন এক সালামের মাধ্যমে তিনি তা আমাদেরকে শুনাতেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন